# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৮৭

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬০. রুকু ও সিজদায় অবস্থানের পরিমাণ।

باب مِقْدَارِ الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الزُّهْرِيُّ، حَدَّثَنَا سُفْيَانُ، حَدَّثَنِي إِسْمَاعِيلُ بْنُ أُمَيَّةَ، سَمِعْتُ أَعْرَابِيًّا، يَقُولُ سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ قَرَأَ مِنْكُمْ ( وَالتِّينِ وَالزَّيْتُونِ ) فَانْتَهَى إِلَى آخِرِهَا ( أَلَيْسَ اللَّهُ بِأَحْكَمِ الْحَاكِمِينَ ) فَلْيَقُلْ بَلَى وَأَنَا عَلَى ذَلِكَ مِنَ الشَّاهِدِينَ وَمَنْ قَرَأَ ( لاَ أُقْسِمُ بِيَوْمِ الْقِيَامَةِ ) فَانْتَهَى إِلَى ( أَلَيْسَ ذَلِكَ بِقَادِرٍ عَلَى أَنْ يُحْيِيَ الْمَوْتَى ) فَلْيَقُلْ بَلَى وَمَنْ قَرَأَ ( وَالْمُرْسَلاَتِ ) فَبَلَغَ ( فَبِأَىِّ حَدِيثٍ بَعْدَهُ يُؤْمِنُونَ ) فَلْيَقُلْ آمَنَّا بِاللَّهِ " . قَالَ إِسْمَاعِيلُ ذَهَبْتُ أُعِيدُ عَلَى الرَّجُلِ الأَعْرَابِيِّ وَأَنْظُرُ لَعَلَّهُ فَقَالَ يَا ابْنَ أَخِي أَتَظُنُّ أَنِّي لَمْ أَحْفَظْهُ لَقَدْ حَجَجْتُ سِتِّينَ حَجَّةً مَا مِنْهَا حَجَّةٌ إِلاَّ وَأَنَا أَعْرِفُ الْبَعِيرَ الَّذِي حَجَجْتُ عَلَيْهِ .

বাংলা

৮৮৭. আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ (রহঃ) .... আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যখন তোমাদের কেউ “সূরা আত-তীন” এর “আলাইসাল্লাহু বি-আহকামিল হাকিমীন” বলবে, তখন সে যেন অবশ্যই বলে “বালা ওয়া আনা আলা যালিকা মিনাশ শাহিদিন” অর্থাৎ অবশ্যই আমি এর সাক্ষী। অপর পক্ষে যে ব্যক্তি সূরা লা উকসিমু বি-ইয়াওমিল কিয়ামতি” এর শেষ আয়াত “আলাইসা যালিকা বি-কাদিরীন আলা আই-ইউহ-ইয়াল মাওতা” পাঠ করবে, তখন সে যেন অবশ্যই বলে, বালা অর্থাৎ অবশ্যই ক্ষমতাশালী। আর যে ব্যক্তি “সূরা মুরসালাত” পাঠ করার সময় “ফাবি আইয়ি হাদিসিন বা’দাহু ইউমিনুন” তেলাওয়াত করে, তখন সে যেন অবশ্যই বলে, “আমান্না বিল্লাহি” অর্থাৎ আমরা আল্লাহর উপর ঈমান এনেছি।

রাবী ইসমাঈল বলেন, অতঃপর আমি বর্ণনাকারী বেদুঈন আরবকে দেখার জন্য রওয়ানা হই এ উদ্দেশ্যে যে, হয়ত তার (আমার নিকট বর্ণনাকারীর) বর্ণনা সঠিক নয়। এ সময় রাবী আমাকে বলেন, হে আমার ভ্রাতুষ্পুত্র! তুমি কি মনে করেছ যে, আমি হাদিস ভুলে গিয়েছি? অথচ আমি এ জীবনে ষাটবার হজ্জ আদায় করেছি এবং প্রত্যেক হজ্জের মওসুমে আমি কি ধরনের উটের উপর সফর করেছি, তা এখনও আমার স্মরণ আছে। (নাসাঈ,

তিরমিযী)।

## English

Narrated AbuHurayrah:

The Messenger of Allah (ﷺ) said: When one of you recites "By the fig and the olive" (Surah 95) and comes to its end "Is not Allah the best judge?" (verse 8), he should say: "Certainly, and I am one of those who testify to that." When one recites "I swear by the Day of Resurrection" (Surah 75) and comes to "Is not that one able to raise the dead to life? (verse 40), he should say: "Certainly." And when one recites "By those that are sent" (Surah 77), and comes to "Then in what message after that will they believe? " (Surah 50), he should say: "We believe in Allah."

The narrator Isma'il (ibn Umayyah) said: I beg to repeat (this tradition) before the Bedouin (who reported this tradition) so that I might see whether he (was mistaken).

He said: My nephew, do you think that I did not remember it? I performed sixty hajj (pilgrimages); there is no hajj but I recognize the came on which I performed it.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23191

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন